# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**15-05-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু আজ দায়িত্বভার গ্রহণ করেছেন।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, বহু দলীয় গণতান্ত্রিক রীতিনীতি মেনেই বিধানসভায় কাজ চলবে। অধিবেশনের সরাসরি সম্প্রচারের জন্য নতুন অধ্যক্ষের কাছে আবেদন জানান তিনি।

২) রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে আগামী ১৮-ই জুন বিধানসভার অধিবেশন শুরু হবে।

৩) রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো নিয়ে আজ এস এস কে এম হাসপাতালে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী।

৪) আর জি কর কান্ডে রাজ্য সরকার তৎকালীন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল, ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখার্জী এবং ডি সি নর্থ অভিষেক গুপ্তাকে সাসপেন্ড করেছে।

প্রাক্তন মুখ্যমন্ত্রীর নির্দেশেই এই ঘটনায় তথ্য প্রমাণ লোপাট করা হয়েছে বলে অভয়ার মায়ের অভিযোগ।

৫) রাজ্যে তিনটি প্রকল্পে অনুমোদন দিয়েছে রেলমন্ত্রক। চিংড়িঘাটা মেট্রো প্রকল্পের বাকি থাকা কাজ শুরু হওয়ায় সন্তোষ ব্যক্ত করেছেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ।

oooooooooooooooooooooo

অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু দায়িত্বভার গ্রহণ করেছেন। আজ বিধানসভার বিশেষ অধিবেশনে সর্বসম্মতিক্রমে তিনি অধ্যক্ষ নির্বাচিত হন। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

অধ্যক্ষকে অভিনন্দন জানিয়ে বিধানসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বহু দলীয় গণতান্ত্রিক পরম্পরা মেনেই বিধানসভা এগিয়ে যাবে। বিরোধীরা অধিবেশন বানচালের চেষ্টা করবে না এবং গঠনমূলক বিরোধিতার পরিবেশ বজায় থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী বলেন, অন্যান্য রাজ্যের মতো পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যক্রমও সাধারণ মানুষের সামনে আরও স্বচ্ছভাবে তুলে ধরা প্রয়োজন। প্রশ্নোত্তর পর্ব, বিল, বাজেট, ডিপার্টমেন্টাল বাজেট, প্রাইভেট মেম্বার বিল, কলিং অ্যাটেনশন, জিরো আওয়ার এবং বিভিন্ন বিতর্ক সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করার জন্য নতুন অধ্যক্ষের কাছে আবেদন জানান তিনি।

বক্তৃতায় সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের গুরুত্বের কথাও তুলে ধরেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও বিরোধীদের বেশি করে বলার সুযোগ দেওয়া হবে। সময় বরাদ্দের ক্ষেত্রেও সরকার নমনীয় থাকবে।

মুখ্যমন্ত্রী আরও বলেন, বিধানসভায় ভাষার শালীনতা, দায়বদ্ধতা এবং সাংবিধানিক মূল্যবোধ বজায় রাখা জরুরি। অতীতের মতো অশান্তি বা হিংসার পরিবেশ তৈরি হোক, তা সরকার চায় না বলেও মন্তব্য করেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, সীমানা পুনর্বিন্যাসের পর ভবিষ্যতে বিধানসভার আসন সংখ্যা বৃদ্ধি পেতে পারে। সেই কারণে আগামী দিনে নতুন বিধানসভা ভবন তৈরির ইঙ্গিত দেন মুখ্যমন্ত্রী।

একই সঙ্গে তিনি জানান, সব দলের বিধায়কদের জন্য সরকারের দরজা খোলা থাকবে। কোনও বিধায়ক চিঠি দিলে তার উত্তর এবং প্রাপ্তিস্বীকার দেওয়া হবে। মন্ত্রীদেরও নির্দেশ দেওয়া হবে যাতে এলাকার বিধায়ক যে দলেরই হোন না কেন, প্রশাসনিক কাজে তাঁকে গুরুত্ব দেওয়া হয়।

oooooooooooooooooooo

নিয়ম মেনে মুখ্যমন্ত্রীর বক্তব্যের পরেই অধ্যক্ষ আজ বিরোধী দলনেতাকে তাঁর কথা বলার আহ্বান জানান। তৃণমূল কংগ্রেস বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় অধ্যক্ষকে ধন্যবাদ জানিয়ে রাজ্যে ভোট পরবর্তী হিংসা চলছে বলে অভিযোগ তোলেন।

(বাইট – শোভন দেব)

এই অভিযোগের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী বলেন, হিংসার কারণে কেউ ঘরছাড়া হয়েছেন বলে তার জানা নেই। তবে, যদি তা হয়ে থাকে, সেই তালিকা রাজ্য পুলিশের মহা নির্দেশকের কাছে জমা

দেওয়া হোক। তবে, ২০২১ সালে সারা রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনায় যুক্ত কোন ব্যক্তি যদি বর্তমানে ঘরছাড়া থাকেন, সেক্ষেত্রে তাঁকে জেলে ঢোকানো হবে।

আই এস এফ বিধায়ক নওসাদ সিদ্দিকি তাঁর বক্তব্যে সরকারকে সহযোগিতার পাশাপাশি ২০২১-এ ভোট পরবর্তী হিংসার প্রসঙ্গ উত্থাপন করেন।

(বাইট – নওসাদ)

সি পি আই এম-এর একমাত্র বিধায়ক মুস্তাফিজুর রহমান বলেন, দলের তরফে তিনি একা হলেও মানুষের বক্তব্য সভায় তুলে ধরবেন।

(বাইট – মুস্তাফিজুর)

oooooooooooooooooooooo

রাজ্যপালের অভিভাষণ এর মধ্যে দিয়ে আগামী ১৮ই জুন বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। অধ্যক্ষ রথীন্দ্র বসু আজ জানিয়েছেন, ঐদিন সকাল এগারোটায় রাজ্যপাল আর এন রবি অধিবেশনে তার বক্তব্য পেশ করবেন। এরপর দুপুর সাড়ে বারোটায় অধিবেশনের দ্বিতীয় অর্ধ শুরু হবে। এর আগে পরিষদীয় নিয়ম মেনে বসবে সর্বদলীয় এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠক। বাইশে জুন চলতি অর্থ বছরের বাকি আট মাসের জন্যে বাজেট পেশ করা হতে পারে বলে জানা গিয়েছে।

oooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পয়লা জুন থেকে রাজ্যে 'জনতার দরবার' শুরু করতে চলেছেন। উত্তরপ্রদেশের ধাঁচে নেওয়া এই উদ্যোগের মাধ্যমে মুখ্যমন্ত্রী সরাসরি রাজ্যের সাধারণ মানুষের অভাব-অভিযোগ শুনবেন এবং মানুষের সঙ্গে সরাসরি কথা বলে তাদের সমস্যার সমাধান করবেন। এজন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় পরিকাঠামো তৈরির কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। নতুন সরকারের অন্যতম জনমুখী উদ্যোগ হিসেবেই দেখা হচ্ছে এই কর্মসূচিকে। প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরাও সেখানে উপস্থিত থাকবেন। সপ্তাহে অন্তত ১ থেকে ২ দিন ‘জনতার দরবার’ বসবে।

মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ বাড়ানোর ক্ষেত্রে এই ধরনের উদ্যোগ অত্যন্ত কার্যকর হবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিকাঠামো সহ অন্যান্য সুযোগ সুবিধা পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বৈঠক বসেন। কলকাতার এস এস কে এম হাসপাতালে আয়োজিত এই বৈঠকে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা, স্বাস্থ্য দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন মেডিকেল কলেজের সুপার ও সরকারি হাসপাতালের অধ্যক্ষরা উপস্থিত ছিলেন। আজকের বৈঠকে আয়ুষ্মান ভারত প্রকল্প নিয়ে কথা হয়েছে বলে জানা গেছে।

রাজ্যের দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী (শুভেন্দু অধিকারী) বৈঠকে বসতে চলেছেন। আগামী একুশ তারিখ পুরুলিয়া,বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমান জেলার সঙ্গে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট জেলাশাসক ও জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। একাধিক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার বিষয়ে সেখানে আলোচনা হতে পারে। নবনির্বাচিত বিধায়কদের কাছ থেকেও নতুন কাজের প্রস্তাব চাওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল প্রথম জেলা সফর করবেন । তিনি সড়কপথে প্রথমে ডায়মন্ড হারবারে আসবেন । সেখানে জেলার পুলিশদের সঙ্গে বৈঠকে বসবেন । এরপর ফলতায় পুনর্নির্বাচন উপলক্ষ্যে বিজেপি প্রার্থী দেবাংশু পাণ্ডার সমর্থনে কর্মীসভায় যাবেন বলে জানা গেছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের খাগড়াবাড়িতে তৎকালীন বিরোধী দলনেতা বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর কনভয় হামলা ও তার গাড়ি ভাঙচুরের ঘটনায় পুন্ডিবাড়ি থানার পুলিশ, জেলা ২ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি শুভঙ্কর দে-কে গ্রেপ্তার করেছে।

উল্লেখ্য, ২০২৫ সালের ৫ই আগস্ট কোচবিহারে দলীয় কর্মসূচিতে আসার সময় খাগড়াবাড়িতে তৎকালীন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনায়, অভিযুক্ত সহ ৪১ জনের নামে পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়।

oooooooooooooooooooooo

আরজি কর কাণ্ডে  রাজ্য সরকার আজ তিন আইপিএস আধিকারিককে সাসপেন্ড করেছে। মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে জানিয়েছেন, তদন্তে গাফিলতি, পরিস্থিতি সামলাতে ব্যর্থতা এবং নিহত তরুণী চিকিৎসকের পরিবারকে টাকা দিতে চাওয়ার অভিযোগে তৎকালীন কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েল, ডিসি সেন্ট্রাল  ইন্দিরা মুখার্জি এবং ডিসি নর্থ অভিষেক গুপ্তাকে  সাসপেন্ড করা হলো।

ক্যাডার রুলস অনুযায়ী মুখ্য সচিবের তত্ত্বাবধানে এবং স্বরাষ্ট্র সচিবের মাধ্যমে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হবে।

মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, তদন্ত বর্তমানে সিবিআই-এর হাতে এবং বিষয়টি আদালতে বিচারাধীন থাকায় সরকার মূল অপরাধ তদন্তে হস্তক্ষেপ করছে না।  তবে কলকাতা পুলিশের কয়েকজন সিনিয়র আধিকারিক কীভাবে পরিস্থিতি সামলেছিলেন, তা খতিয়ে দেখা হয়েছে। এব্যাপারে কোন মন্ত্রী বা তৎকালীন মুখ্যমন্ত্রীর নির্দেশ ছিল কিনা, তাও বিবেচনা করা হবে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

শুধু তা-ই নয়, আরজি কর ইস্যুতে এক ডিসি-র প্রেস কনফারেন্স নিয়েও তীব্র অসন্তোষ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। তাঁর অভিযোগ, ওই আধিকারিককে কোনও লিখিত অনুমতি বা সরকারি দায়িত্ব দেওয়া হয়নি।

oooooooooooooooooooooo

প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্দেশেই আর জি কর কান্ডে তথ্য প্রমাণ লোপাট এবং জোর করে দেহ পুড়িয়ে দেওয়ার মতো ঘটনা ঘটেছিল বলে তরুণী চিকিৎসকের মা রত্না দেবনাথ অভিযোগ করেছেন। আর জি কর ফাইল নতুন করে খোলার সিদ্ধান্তে প্রধানমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, এই মামলায় বহু ব্যক্তি সন্দেহের তালিকায় রয়েছে। নতুন করে তদন্ত শুরু হওয়ায় মেয়ের বিচারের পথ প্রশস্ত হলো বলে তিনি মনে করেন।

(বাইট – রত্না দেবনাথ)

এদিকে, তিন আই পি এস আধিকারিককে সাসপেন্ড করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে অভয়া মঞ্চ। এর পাশাপাশি ওই ঘটনায় রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব সহ সমস্ত অভিযুক্তদের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে।

oooooooooooooooooooooo

প্রেসিডেন্সির সংশোধনাগারে বন্দীদের কাছে মোবাইল ফোন থাকার ঘটনায় জেল সুপার সহ দুই আধিকারিককে সাসপেন্ড করেছে রাজ্য সরকার । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, এই ঘটনায় কর্তব্য পালনে গাফিলতি এবং বন্দিদের অনৈতিক সুবিধা পাইয়ে দেওয়ার অভিযোগে জেলের সুপার এন কুজুর এবং কো-অর্ডিনেটার দীপ্ত ঘড়াইকে অবিলম্বে সাসপেন্ড করা হয়েছে। কিভাবে সংশোধনাগারের ভেতরে বন্দীরা অবাধে স্মার্ট ফোন ব্যবহার করছিল, তার তদন্তভার দেওয়া হয়েছে CID-কে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নবান্নে সাংবাদিকদের কাছে কারা দফতরের এই অব্যবস্থার জন্য পূর্বতন সরকারকেই দায়ী করেছেন। তিনি জানান, রাজ্যের প্রায় প্রতিটি সেন্ট্রাল জেলে কয়েকদিদের মধ্যে মোবাইল ফোন ব্যবহারের অভিযোগ আসছিল। তার প্রেক্ষিতে গতকাল প্রেসিডেন্সি সংশোধনাগারে অভিযান চালিয়ে সিম কার্ড সহ ২৩-টি স্মার্ট ফোন উদ্ধার হয়েছে। এই ঘটনায় সন্দেশখালির শেখ শাজাহান সহ যারা জড়িত প্রত্যেকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এদিকে সংশোধনাগারের মহা নির্দেশক এন রমেশবাবু জানিয়েছেন, জেলে মোবাইল ফোনের ব্যবহার রুখতে রাজ্যের ৬১-টি সংশোধনাগারে ধাপে ধাপে এই অভিযান চালানো হবে।

oooooooooooooooooooooo

রাজ্যে নতুন তিনটি প্রকল্পে অনুমোদন দিয়েছে রেল মন্ত্রক। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে প্রকল্প সংক্রান্ত বিস্তারিত জানিয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের পক্ষ থেকে একটি চিঠি পাঠানো হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে রয়েছে, নিউ জলপাইগুড়ি-শিলিগুড়ি প্রায় সাড়ে সাত কিলোমিটার রেলপথ ডবল লাইন, কলকাতা থেকে খড়গপুর হয়ে জয়পুর পর্যন্ত সাঁতরাগাছি-খাতিপুরা

এক্সপ্রেসের উদ্বোধন এবং শালবনি- আদ্রা 107 কিলোমিটার তৃতীয় লাইন তৈরী। রেলের পক্ষ থেকে বিস্তারিত প্রকল্প রিপোর্ট DPR এবং চূড়ান্ত এলাকা সমীক্ষা দ্রুত করার অনুমতি দেওয়া হয়েছে।

এদিকে, দীর্ঘ জটিলতা কাটিয়ে আজই শুরু হচ্ছে চিংড়িঘাটা মেট্রো প্রকল্পের কাজ। এজন্য রাত ৮ টা থেকে ১৮ই মে সকাল ৮ টা পর্যন্ত পশ্চিম দিকের একটি লেন এবং দ্বিতীয় দফায় ২২মে রাত ৮ টা থেকে ২৫শে মে সকাল ৮ টা পর্যন্ত পূর্ব দিকের লেনে যান চলাচল বন্ধ রাখা হবে। নিউ গড়িয়া থেকে কলকাতা বিমানবন্দর মেট্রো লাইনে বাকি থাকা ৩৬৬ মিটার অংশের নির্মাণ কাজ পূর্বতন সরকারের অসহযোগিতার কারণে থমকে ছিল।

অন্যদিকে, এই প্রকল্পের কাজ শুরু হওয়ায় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সন্তোষ ব্যক্ত করেছেন। এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, রাজ্যের ডবল ইঞ্জিন সরকার ক্ষমতায় আসায় দীর্ঘ তিন বছরের এই সমস্যার সমাধান হলো।

oooooooooooooooooooooooooooooooooooooooooo